

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণী

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির অক্টোবর-২০২১ মাসের সভা।

সভাপতি : চঞ্চলা মন্ডল, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা, খুলনা।

সভার তারিখ : ০৭/১০/২০২১ ইং।

সভার স্থান : উপজেলা পরিষদের সভা কক্ষ বটিয়াঘাটা, খুলনা।

সভার উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষর নিম্ন :

- | | |
|--|-------------|
| ১। চঞ্চলা মন্ডল (মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ) সভাপতি। | স্বাক্ষরিত। |
| ২। জনাব নিতাই গাইন (ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ) সদস্য। | স্বাক্ষরিত। |
| ৩। জনাব মনোরঞ্জন মন্ডল (চেয়ারম্যান, ২ নং ইউপি) সদস্য। | স্বাক্ষরিত। |
| ৪। জনাব গোলাম হোসেন, (চেয়ারম্যান ৬ নং ইউপি) সদস্য। | স্বাক্ষরিত। |
| ৫। জনাব রমেশ মন্ডল, সদস্য। | স্বাক্ষরিত। |
| ৬। জনাব মোঃ হাসিবুর রহমান (SAE, DPHE) সদস্য সচিব। | স্বাক্ষরিত। |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুক্রমে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান ২০২১-২০২২ অর্থবছরের “সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি একক পানির উৎস স্থাপনের স্থান নির্বাচনের তালিকা এখনও পাওয়া যায়নি এবং দাপ্তরিক অন্যান্য কর্মকাণ্ড স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান, ২০২০-২০২১ অর্থবছরের “সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি একক পানির উৎস স্থাপনের কাজ ৭৫% সম্পন্ন হয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। সভাপতি মহোদয় বলেন করোনা মহামারী মোকাবেলায় শারীরিক দূরত্ব বজায় রেখে দাপ্তরিক কর্মকাণ্ড পরিচালনা এবং বরাদ্দকৃত নলকূপ গুলোর স্থাপনের কাজে যে নলকূপগুলো অসফল হবে সেটি যেন তার পার্শ্ববর্তী স্থান বা এলাকাতে স্থাপন করার পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



চঞ্চলা মন্ডল

সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-৪৬.০৩.৪৭১২.৪০১.০৬১.১৬-৯৭(৩)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। যুগ্ম সচিব, উপজেলা স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।

তারিখ : ০৭/১০/২০২১ ইং



মোঃ হাসিবুর রহমান

সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

ও

উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বটিয়াঘাটা, খুলনা।